

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন, ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩-২৩৪৩


তারিখ: ০৭ পৌষ ১৪৩১
২২ ডিসেম্বর ২০২৪

বিষয়: হাই স্কুলগামী কিশোরীদের জমাকৃত সঞ্চয় ও প্রাণোদনার অর্থ স্থানান্তর প্রসংগে।

সূত্র: অত্র দপ্তরের স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০০৬.২৩.২১৫৭, তারিখ: ২১/১০/২০২৪ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো)-২য় পর্যায় প্রকল্পের আওতায় সূত্রোক্ত স্মারকের পত্র মোতাবেক ৩১/১০/২০২৪ তারিখ পর্যন্ত উপজেলা পর্যায়ে কিশোরী হিসাবে জমাকৃত সমুদয় অর্থ (সঞ্চয়, সঞ্চয় প্রাণোদনা ও ব্যাংক সুদ) বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার শাখায় KISHORI SANCHAY TOHOBI, IRESPPW-2ND PHASE, BRDB, DHAKA শিরোনামে খোলা এসএনডি হিসাব নম্বর- 41010320001029-তে স্থানান্তর এবং ০১/১১/২০২৪ তারিখ হতে পরবর্তী সময়ে আদায়কৃত সঞ্চয়ের অর্থ পর্যায়ক্রমে স্থানান্তরের অনুরোধ করা হয়। কিন্তু অদ্যবধি অনেক উপজেলা কর্তৃক নির্দেশনা মোতাবেক অর্থ প্রেরণ করা হয়নি। ফলশ্রুতিতে কিশোরীদের ব্যক্তিগত নামে যে হিসাব খোলা হয়েছে সে ব্যাংক হিসাবে তাদের জমাকৃত সঞ্চয় ও প্রাণোদনার অর্থ স্থানান্তর করা সম্ভব হচ্ছে না। কিশোরীদের ব্যক্তিগত ব্যাংক হিসাবে দ্রুত জমাকৃত সঞ্চয় ও প্রাণোদনার অর্থ স্থানান্তরের জন্য উপজেলায় স্থায়ী আমানত হিসাবে (FDR) উক্ত অর্থ জমা থাকলে মেয়াদপূর্তি না হলেও তা নগদায়ন করে বর্ণিত ব্যাংক হিসাবে প্রেরণের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, ৩১/১০/২০২৪ তারিখ পর্যন্ত কিশোরীদের জমাকৃত সমুদয় অর্থ (সঞ্চয়, সঞ্চয় প্রাণোদনা ও ব্যাংক সুদ) বাংলাদেশ কৃষি ব্যাংক, কাওরান বাজার শাখা, ঢাকায় KISHORI SANCHAY TOHOBI, IRESPPW-2ND PHASE, BRDB, DHAKA শিরোনামে খোলা এসএনডি হিসাব নম্বর-41010320001029-তে আগামী ৩১/১২/২০২৪ খ্রি. তারিখের মধ্যে স্থানান্তরপূর্বক সূত্রোক্ত স্মারকে প্রদত্ত ছকে তথ্য প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


মোহাম্মদ মাসুদ আলম
প্রকল্প পরিচালক
ফোন-০২৪১০১০৩৪৩
iresppwad@gmail.com

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

উপজেলা....., জেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, জেলা:..... (প্রকল্পভুক্ত সকল জেলা)
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলা..... (প্রকল্পভুক্ত সকল উপজেলা)।
৫. অফিস নথি।